বাংলাদেশ মানবাধিকার কমিশনের মহাসচিব গ্রেফতার: অর্থ আত্মসাতের অভিযোগ

অর্থ আত্মসাতের অভিযোগে বাংলাদেশ মানবাধিকার কমিশনের মহাসচিব ড. সাইফুল ইসলাম দিলদারকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার রাতে নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার দাউদপুর পুটিনা থেকে আটকের পর বুধবার সকালে একটি মামলায় তাকে গ্রেফতার দেখিয়েছে রূপগঞ্জ থানা পুলিশ।

উপজেলার দাউদপুর ইউনিয়নের পুটিনা এলাকার আইআরডি নামক একটি এনজিওর গ্রাহকদের প্রায় ৪৩ লাখ টাকা আত্মসাতের অভিযোগে তাকে গ্রেফতার দেখানো হয়েছে। তিনি এনজিওটির ব্যবস্থাপনা পরিচালক এবং উপজেলার পুটিনা এলাকার মৃত ফকরুল ভূইয়ার ছেলে।

রূপগঞ্জ থানার পরিদর্শক (অপারেশন) রফিকুল হক মামলার এজাহারের বরাত দিয়ে জানান, দাউদপুর ইউনিয়নের সাধারণ মানুষের কাছ থেকে অধিক মুনাফার প্রলোভন দেখিয়ে আইআরডি নামক একটি এনজিও খুলে প্রায় ২ কোটি টাকা আমানত সংগ্রহ করা হয়। এরপর কয়েক মাস টাকার লভ্যাংশ গ্রাহদের দেয়া হলেও হঠাৎ এনজিও বন্ধ করে দিয়ে টাকা আত্মসাৎ করেন এনজিওটির ব্যবস্থাপনা পরিচালক ড. সাইফুল ইসলাম দিলদার। গ্রাহকরা প্রায় এক বছর ধরে তাদের পাওনা টাকা ফেরতের জন্য বিভিন্ন স্থানে ঘুরছিলেন। সাইফুল ইসলাম দিলদারের কাছে চাইলে তিনি পুলিশ দিয়ে হয়রানি করতেন বলেও জানান গ্রাহকরা।

গত মঙ্গলবার বিকেলে সাইফুল ইসলাম দিলদার নিজ বাড়ি দাউদপুর পুটিনায় এলে গ্রাহকরা একত্রিত হয়ে তার বাড়ি ঘেরাও করে তাকে অবরুদ্ধ করে। খবর পেয়ে রূপগঞ্জ থানা পুলিশ তাকে উদ্ধার করে। ১৫ জন গ্রাহকের ৪৩ লাখ টাকা আত্মসাতের অভিযোগের ভিত্তিতে তাদের পক্ষে স্থানীয় মাহফুজা বেগম নামে এক নারী রূপগঞ্জ থানায় মামলা করেন। বুধবার সকালে এ মামলায় গ্রেফতার দেখিয়ে পুলিশ ড. সাইফুল ইসলাম দিলদারকে নারায়গঞ্জ আদালতে পাঠায়।